

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০৩

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষদের থেকে আলাদা থাকা আল্লাহর রাস্তায় জিহাদের পর শ্রেষ্ঠ আমল

ذَكَرُ الْبَيَانِ بَأَنَّ الْعُزْلَةَ عَنِ النَّاسِ أَفْضَلُ الْأَعْمَالِ بَعْدَ الْجِهَادِ فِي سَبِيلِ اللَّهِ

আরবী

603 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا حَبَّانُ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ قَالَ: أَخْبَرَنَا ابْنُ أَبِي ذَنْبٍ عَنْ سَعِيدِ بْنِ خَالِدٍ الْقَارِظِيِّ عَنْ إِسْمَاعِيلَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي ذُوَيْبٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ عَلَيْهِمْ وَهُمْ جُلُوسٌ فِي مَجْلِسٍ فَقَالَ: (أَلَا أُخْبِرُكُمْ بِخَيْرِ النَّاسِ مَنْزِلًا؟) فَقُلْنَا: بَلَى يَا رَسُولَ اللَّهِ قَالَ: (رَجُلٌ آخِذٌ بِرَأْسِ فَرَسِهِ فِي سَبِيلِ اللَّهِ حَتَّى عُقِرَتْ أَوْ يُقْتَلَ أَفَأُخْبِرُكُمْ بِالَّذِي يَلِيهِ؟) قُلْنَا: بَلَى يَا رَسُولَ اللَّهِ قَالَ: (أَمْرٌ مُعْتَزِلٌ فِي شَعْبٍ يُقِيمُ الصَّلَاةَ وَيُؤْتِي الزَّكَاةَ وَيَعْتَزِلُ شُرُورَ النَّاسِ أَفَأُخْبِرُكُمْ بِشَرِّ النَّاسِ؟) قُلْنَا: نَعَمْ يَا رَسُولَ اللَّهِ قَالَ: (الَّذِي يُسْأَلُ بِاللَّهِ وَلَا يُعْطِي بِهِ).

الراوي : ابن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 603 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

باب العُزْلَةِ

নির্জনতা অবলম্বন করা

৬০৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “একদিন তাঁরা বসে আছেন, এমতাবস্থায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁদের কাছে বের হয়ে আসেন এবং তাঁদেরকে বলেন: “আমি কি তোমাদেরকে অবস্থানগত দিকদিয়ে মানুষের মাঝে উত্তম ব্যক্তি সম্পর্কে জানাবো না?” আমরা বললাম: “হ্যাঁ, অবশ্যই, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “ঐ

ব্যক্তি যিনি আল্লাহর রাস্তায় তার ঘোড়ার মাথা ধরে রাখেন, যতক্ষণ তার ঘোড়াকে হত্যা করা হয় অথবা তিনি শাহাদাত বরণ করেন। আমি কি তোমাদের বলবো না যে, অবস্থানগত দিকদিয়ে তারপরের অবস্থানে কে রয়েছেন?” আমরা বললাম: “হ্যাঁ, অবশ্যই, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “ঐ ব্যক্তি যিনি কোন উপত্যকায় বিচ্ছিন্ন হয়ে জীবন-যাপন করেন; সালাত আদায় করেন, যাকাত প্রদান করেন এবং মানুষের অনিষ্ট থেকে আলাদা থাকেন। আমি কি তোমাদেরকে মানুষের মাঝে নিকৃষ্ট লোক সম্পর্কে জানাবো না?” আমরা বললাম: “হ্যাঁ, অবশ্যই, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “ঐ ব্যক্তি যার কাছে আল্লাহর নামে কিছু চাওয়া হয় কিন্তু সে তা দেয় না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২৩৭; নাসাঈ: ৫/৮৩; দারেমী: ২/২০১, ২০২।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৫৫।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89105>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন